দৈনিক সংবাদ

038

তারিখ 09 FEB 1988
পৃষ্ঠা 1 কলাম 4

## ঢাকা শহরের লেখাপড়া—৪

# 'নায়ক-নায়িকা' আর এক গাদা বইয়ের কাহিনী—

।।আমীর খসরু।।

'দু'জন নায়ক-নায়িকার নাম লিখ'—এ ছিল ঢাকা শহরেরই এক সরকারী স্কুলের প্রথম শ্রেণীর লিখিত ভর্তি পরীক্ষার একটি প্রশ্ন। এর সাথে টেলিভিশন শিল্পী সম্পর্কিত একটি প্রশ্নই ছিল। অনুসন্ধানে দেখা গেছে, বিভিন্ন স্কুলে ভর্তি পরীক্ষায় এ ধরনের প্রশ্ন অহরহ করা হচ্ছে। ভর্তিছু শিশুটি কোন ফুটবল দলের সমর্থক তাও জানতে চাওয়া হয় প্রায়শই। ম্যারাডোনার নাম শুনেছে কিনা তাও জানতে চাওয়া হয় ইদানীং।

অনুসন্ধানকালে আরো একটি বিষয় লক্ষ্য করা গেছে। অধিকাংশ স্কুলে প্রথম শ্রেণীর ছাত্র-ছাত্রীরও ১০ থেকে ১২ খানা বই থাকতে হয়। এর পর 'হোম ওয়ার্ক' যা দেয়া হয় তাতে প্রথম শ্রেণীতে পড়ুয়া শিশুটিকেও ৪ থেকে ৫ ঘন্টা ব্যস্ত থাকতে হয়।

### নায়ক-নায়িকা প্রসঙ্গ

নায়ক-নায়িকার নাম জানতে চেয়ে প্রশ্ন করা হয়েছে মতিঝিল সরকারী বালক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষায়। এই স্কুলের প্রধান শিক্ষকের কাছে এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান, টেলিভিশন আর ভি.সি-আর তো সবাই দেখেই। কাজেই প্রশ্ন করায় দোষ কোথায়।

অনুসন্ধানে দেখা গেছে, অধিকাংশ ছাত্র লিখেছে অমিতাভ বচন ও শ্রীদেবীর নাম। ভি.সি, আর-এর বদৌলতে কন্ঠস্থ এবং মুখস্থ হয়ে গেছে এ নাম দুটো।

আবাহনী না মোহামেডানের সমর্থক তাও জানতে চাওয়া হয়

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## ঢাকা শহরের লেখাপড়া

(১ম পাতার পর)

অনেক স্কুলের ভর্তি পরীক্ষায়। জানতে চাওয়া হয় ম্যারাডোনার নাম। আমদানী-রফতানী সম্পর্কেও প্রশ্ন করা হয়েছে প্রথম শ্রেণীর ছাত্রের কাছে—এমন বিস্ময়কর ঘটনাও আমরা জেনেছি।

### একগাদা বই

অনুসন্ধানকালে দেখা গেছে প্রথম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বইয়ের তালিকায় রয়েছে ১০ থেকে ১২ খানা বই। দ্বিতীয় শ্রেণীতে ১২ থেকে ১৫ খানা, ৩য় শ্রেণীতে প্রায় একই, ৪র্থ শ্রেণীতে ১৮।১৯ খানা এবং পঞ্চম শ্রেণীর বইয়ের সংখ্যা প্রায় দুই ডজন।

৪।১, হেয়ার ষ্ট্রীটের রবি-রশ্মি বিদ্যালয়ের প্রথম শ্রেণীর একটি বই তালিকা আমাদের হাতে এসেছে। বই তালিকায় শিক্ষা বোর্ডের ২ খানা বাংলা ও অংক ছাড়াও ৫ খানা ইংরেজী শিক্ষার বই, ভূগোল, সহজ পাঠ, বর্ণ পরিচয়, অংকন বই রয়েছে। লাল, নীল, সবুজ ও সাদা পাতার এক্সারসাইজ খাতা লাগে ১৬টি। এ ছাড়াও লাগে ১টি পকেট ডায়েরী, ২টি পেইন্টিং বক্স। এর অধিকাংশ সংশ্লিষ্ট স্কুল থেকেই কিনতে হয়।

শহরের অপর কয়েকটি স্কুলে দেখা গেছে, প্রথম শ্রেণীতে ইংরেজীতে লেখা অংকের বইও পড়ানো হয়।

অন্যান্য শ্রেণীতে পাঠ্য বইয়ের বহরও প্রায় একই রূপ, অধিকাংশ ক্ষেত্রে বেশী। আর পাঠ্য বইয়ের অধিকাংশই বিদেশী।

নার্সারী ক্লাসে পড়ে এমন একটি ৪ থেকে ৫ বছরের শিশুকেও ৫ থেকে ৬ খানা বই পড়তে হয়।

একগাদা বই ও স্কুল সময়-শেষে 'হোম ওয়ার্ক' শেষ করতে একটি ছোট্ট শিশুকেও ৪ থেকে ৫ ঘন্টা ব্যয় করতে হয়। একজন মনোবিজ্ঞানী এই 'চাপ'কে শিশুর জন্য মারাত্মক ও স্বাভাবিক বিকাশের ক্ষেত্রে ক্ষতিকর বলে উল্লেখ করেছেন।